



প্রেস বিজ্ঞপ্তি

বরিশাল বিশ্ববিদ্যালয়ে আন্তঃবিভাগ সাতাঁর ও ওয়াটারপোলো প্রতিযোগিতা ২০২৩ উদ্বোধন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ২৬ নভেম্বর ২০২৩খ্রিঃ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে শুরু হয়েছে আন্তঃবিভাগ সাতাঁর ও ওয়াটারপোলো প্রতিযোগিতা ২০২৩। অদ্য ২৬ নভেম্বর ২০২৩ তারিখ সকাল ১০ টায় বেলুন-ফেস্টুন উড়িয়ে প্রতিযোগিতার উদ্বোধন করেন অনুষ্ঠানের প্রধান অতিথি বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য (রুটিন দায়িত্ব) অধ্যাপক ড. মোহাম্মদ বদরুজ্জামান ভূঁইয়া। উদ্বোধনী বক্তব্যে উপাচার্য মহোদয় বলেন, সুস্থ্য থাকার জন্য খেলাধুলাসহ শরীরচর্চার কোন বিকল্প নেই। খেলাধুলাসহ যেকোন ধরনের শারীরিক শিক্ষা প্রতিটি মানুষের শরীর ও মনের বিকাশের জন্য একান্ত প্রয়োজন। আন্তঃবিভাগ টুর্নামেন্টের উদ্দেশ্য হচ্ছে বিভাগগুলোর মধ্যে সম্পর্ক উন্নয়ন এবং হৃদয়তা সৃষ্টি করা। পারস্পরিক সৌহার্দ্যতা বজায় রেখে খেলাধুলায় অংশগ্রহণের জন্য শিক্ষার্থীদের প্রতি আহবান জানান উপাচার্য মহোদয়। একইসাথে তিনি শিক্ষা, গবেষণা ও সহশিক্ষা কার্যক্রমের সমন্বয়ে বরিশাল বিশ্ববিদ্যালয়কে জাতীয় ও আন্তর্জাতিক পরিমন্ডলে একটি অনন্য উচ্চশিক্ষা প্রতিষ্ঠান হিসেবে পরিচিত করতে সকলকে একযোগে কাজ করার জন্য আহবান জানান। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ মেরিন একাডেমি বরিশালের কমান্ড্যান্ট (বিএন) ক্যাপ্টেন এস এম আতিকুর রহমান। শারীরিক শিক্ষা দপ্তরের পরিচালক মুহাম্মদ রাকিবুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে আরও বক্তব্য রাখেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মনিরুল ইসলাম, শিক্ষক সমিতির সভাপতি আরিফ হোসেন, ইংরেজি বিভাগের চেয়ারম্যান তানভীর কায়ছার এবং প্রক্টর ড. খোরশেদ আলম। অনুষ্ঠানে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা, কর্মচারীসহ শারীরিক শিক্ষা দপ্তরের অন্যান্যরা উপস্থিত ছিলেন। আন্তঃবিভাগ সাতাঁর প্রতিযোগিতায় বিশ্ববিদ্যালয়ের ১৩টি বিভাগ অংশগ্রহণ করবে। প্রতিযোগিতাটি আগামী ২৮ নভেম্বর ২০২৩ তারিখ শেষ হবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস

বরিশাল বিশ্ববিদ্যালয়